# স্বপ্নের রোজনামচা
# Dream Diary

মোঃ আব্দুল কুদ্দুছ

উৎস প্রকাশন



প্রকাশনার চব্বিশ বছর
উৎস প্রকাশন

গ্রন্থস্বত্ব
মোঃ আব্দুল কুদ্দুছ

প্রকাশকাল
অমর একুশে গ্রন্থমেলা ২০২৪

প্রকাশক
মোস্তফা সেলিম
উৎস প্রকাশন
১২৭ আজিজ সুপার মার্কেট (৩য় তলা), শাহবাগ, ঢাকা-১০০০
ফোন : +৮৮০২৯৬৭৬০২৫, ০১৭১৫৪০৪১৩৪, ০১৭৫৪৯৮৭৯৩৫
e-mail. utsopro2001@gmail.com

প্রচ্ছদ
মোস্তাফিজ কারিগর

মুদ্রণ
সানজানা প্রিন্টার্স, ৮১/১ নয়াপল্টন, ঢাকা-১০০০

দাম : ২৫০ টাকা

Dream Diary by Md Abdul Quddus Published by Mustafa Salim of Utso Prokashan 127 Aziz super market (2nd floor), Shahbagh, Dhaka-1000
Phone : +8802 9676025, 01715404134, 01754987935

ISBN : 978-984-98159-9-0

উৎসর্গ

আমার ছোট মেয়ে রুদাবা আনবার মীম
যার অনুপ্রেরণায় আমার লেখালেখির সূচনা

Dedication

My younger daughter, Rudhaba Anbar Mim
The inspiration of whom is the begining of my writing.

# কিছু কথা

অবসর সময় কাটানো খুবই দুষ্কর। যান্ত্রিক এ দুনিয়ায় কারো সময় নেই আপনার দিকে তাকানোর। সবাই ব্যস্ত যার যার কাজ নিয়ে। কি করবেন আপনি? যদি একাকী বসে থাকেন, তাহলে হেরে যাবেন আপনি। আমি তো সে শিক্ষা পাইনি। অর্থাৎ আমি হারতে রাজি নই কোনক্রমেই। পড়াশোনা ছাড়া তেমন কিছু জানা নেই আমার। অবসরে কারো কাছে না গিয়ে একাকী হাঁটি, মনে যা আসে তাই লিখি। বাসায় বসে তা দেখি। মনে হয় তেমন মন্দ হচ্ছে না। এইভাবে শুরু লেখালেখির। এখন তা নেশার মতো। যা লিখি এর সব ছাপানোর সামর্থ্য নেই। তবে বাছাইকৃত কিছু ছাপানোর চেষ্টা করি। 'স্বপ্নের রোজনামচা' বইটি এরকম কতগুলো কাজের সংকলন। আমি এগুলোকে কবিতা বলতে রাজি নই। কারণ মনের ভাব প্রকাশের ক্ষেত্রে আমি তেমন নিয়মকানুন মানি না। মানতেও রাজি নই। এরপরও কেউ যদি পড়েন আর মনে করেন তা তার মনের কথা, তাহলে কৃতার্থ হবো।

কৃতজ্ঞতা অনেকের কাছে। তবে আমি বেশি ঋণগ্রস্ত শেরাম নিরঞ্জন ও সঞ্জয় সিংহ এর কাছে। তাদেরকে অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ।

মোঃ আব্দুল কুদ্দুছ



# Some words

Spending free time is very difficult. In this mechanical world, nobody has time to look at you. Everyone is busy with their work. What do you do? If you sit alone, you will lose. I did not get that education. That is, I am not willing to lose in any way. I don't know anything except education. In my spare time I walk alone without going to anyone, I write whatever comes to my mind. I come home and see it. I don't think it's that bad. This is how writing begins. Now it's like addiction. I cannot afford to print everything I write. But try to print something selected. The book titled 'Dream Diary' is a collection of such works. I do not agree to call them poems. Because I do not follow any rules in expressing my thoughts. I don't agree either. Still, if someone reads it and thinks it's on his mind, I'll be grateful.

Thanks to many. But I am more indebted to Seram Niranjan and Sanjoy Singh. I thank them from the bottom of my heart.

Md Abdul Quddus

চলছেন মাঠের পাশ দিয়ে
খেলার ইচ্ছে হলেও খেলতে পারছেন না
শারীরিক জটিলতাতে
সময়মতো খেলতে হবে উঠে দাঁড়াতে হলে

২২/৮/২০২৩

Walking along the field
Want to play but can't play
In physical complications
You have to play on time to stand up

*22/8/2023*

সবার মাঝের একজন
অথচ অনুপস্থিত ইচ্ছে করে
হাঁটছেন যে পথ ধরে
ইচ্ছে সত্ত্বেও হাটতে পারছেন না সহযাত্রীদের সাথে

২২/০৮/২০২৩

One among all
But absent willingly
Walking along the path
Can't walk with fellow travelers even if you want to

22/8/2023



ব্যস্ত আমি রঙ-তামাশায়
স্বজন পরিবেষ্টিত হইয়া
পাড়ি দিতে চাই ভবসাগর
মাঝি-মাল্লা ছাড়া।

২২/৮/২০২৩

I am busy with color and humor
Surrounded by relatives
I want to cross the ocean
Without sailors.

*22/8/2023*

চাই সবসময়ই
কোনো শর্ত ব্যতীত স্বজনের মঙ্গল
স্বজনের হাবভাব থেকে মনে হয়
তাদের অন্তরে আমি ছিলাম না কখনো

২২/৮/২০২৩

Want always
Unconditional well-being of relatives
It seems from the gestures of relatives
I was never in their hearts

*22/8/2023*

একই দুনিয়ায় আছি
আমি মহাবিশ্বের সন্ধানে আগ্রহী নই
বাজারের মধ্য দিয়ে যাচ্ছি,
অথচ আমি একজন ক্রেতা নই।

২২/৮/২০২৩

(I) am in the same world
I am not interested in exploring the universe
Going through the market,
But I am not a buyer.

একই নৌকায় আছি
তবে সাগরের গভীরতা জানতে আগ্রহী নই,
চাঁদ দেখতে আগ্রহী ভীড়ের মধ্য দিয়ে যাচ্ছি ,
অথচ আমি চাঁদ দেখতে কৌতূহলী নই।

২২/৮/২০২৩

I'm in the same boat
But I am not interested in knowing the depth of the sea,
Passing through the crowd eager to see the moon,
But I am not curious to see the moon.



সবার স্বপ্ন বড়
আমি তাদের চেয়ে খানিকটা ভিন্ন
সবার সাথে এগোই আমি
তবে স্বপ্ন পূরণে পণ্য হই না কখনো

২২/৮/২০২৩

Everyone dreams big
I am a little different than them
I will go with everyone
But never become products to fulfill dream

*22/8/2023*

সবাই বলে আমি তোমাদের
হাসি পায় একথা শুনে
যদিও চলি জনস্রোতে
তবে একমত হতে পারি না তাদের সাথে

২২/৮/২০২৩

Everyone says I am yours
Hearing this I smile
Though I go to the crowd
But I can't agree with them

*22/8/2023*

স্বার্থান্ধতা চিরাচরিত রীতি
আর তা প্রযোজ্য মানুষের ক্ষেত্রেই
আমি তো চাই থাকতে ব্যতিক্রম
যে রাস্তায় হাঁটি সেখানেই দেখি এটি চিরন্তন।

*২৩/৮/২০২৩*

Selfishness is the norm
And that it applies to humans
I want to be an exception
Wherever I walk, I see it everlasting.

*23/8/2023*

প্রাণবন্ত হাসি
দেখাই সবাইকে, আমি ভাল আছি
হাসির আড়ালে লুকিয়ে আছে বঞ্চনা রাশি রাশি
আমরা কেউ কি তা দেখি?

*২৩/৮/২০২৩*

Lively smile
See everyone, I'm fine
Behind the smile there is a sign of deprivation
Do any of us see it?

*23/8/2023*



দেখি প্রাণবন্ত হাসি
আমিও চাই হাসতে সে হাসি
হাঁটি যে পথ দিয়ে তা অর্জনে
দেখি সেথায় নেই কারো মুখেই হাসি

*২৩/৮/২০২৩*

See lively smile
I also want to smile like that
To achieve that in which path I used to walk
I see in that place there is no smile on anyone's face

*23/8/2023*

দেখে কান্না ও বঞ্চনা সর্বত্রই
আমি চাই না হাঁটতে সে পথ দিয়ে
যে পথ দিয়ে হাটি ভরসা করে
সেখানে দেখি কেবল মেকি হাসি মানুষের মুখে

*২৩/৮/২০২৩*

Seeing tears and deprivation everywhere
I don't want to walk that way
The path through which I walk with trusts
I see only the fake smile on people's faces

*23/8/2023*

পৃথিবীর এ রঙ্গমঞ্চে চলছে লীলাখেলা
আগ্রহী নই আমি কখনো এর গোপন রহস্য জানতে
তারপরও যাদের সাথে চলি
হাঁটতে গিয়ে মনে হয় আমি তাদের কাছে রয়ে গেছি নাবালক একজনই।

২৩/৮/২০২৩

The game is going on in this stage of the world
I am not interested in ever knowing its secrets
Still with whom I walk
While walking, I feel like I remain a minor to them

23/8/2023

এ জনপদে যখন হাঁটি
তখন কাঠামোর উন্নয়ন দেখি
কিন্তু যখন তাদের সাথে মিশি
তখন চোখে পড়ে মানসিকতা ও কাঠামোর বৈপরীত্যই

When I walk in this town
Then l see the development of the structure
But when mixed with them
Then I can see the contrast between mentality and structure



ঝাঁকুনি মূলতঃ দুর্যোগের কারণে সৃষ্ট
মানুষ যদি শুরু করে তা
তাহলে তা হবে কওমের জন্য বিপদজনক
বেঁচে থাকার জন্য দৈত্যদের আটকানো জরুরি

২৩/৮/২০২৩

Shaking is mainly caused by disasters
If people start it
Then it will be dangerous for the nation
Stopping monsters is essential to survive

*23/8/2023*

নিজ স্বার্থে আপনি অনুগামীদের শেখালেন পা তোলা
দেখবেন কোন একসময়
অনুগামী লোকজন পা তুলছে
আপনার দিকে ছায়ার মতন।

২৩/৮/২০২৩

For your own sake you teach followers to step up
You will see sometime
Followers are stepping up
Like a shadow towards you.

*23/8/2023*

আমি স্বপ্নবিলাসী
তবে কিছুটা খামখেয়ালি
বসবাস করি এমন পরিবেশে
যেখানে স্বপ্ন দেখা বারণ

*২৪/৮/২০২৩*

I am a dreamer
But a bit weird
Live in such an environment
Where dreams are forbidden

*24/8/2023*

স্বপ্নের ফেরিওয়ালা
তবে বিশ্বাস নেই স্বপ্নে
বসবাস করি এমন পরিবেশে
যেখানে অকর্মণ্য জনেরা মিলেমিশে করে কওমের রাজত্ব

*২৪/৮/২০২৩*

The peddler of dreams
But do not believe in dreams
In the environment we live in
Where incompetent people rule the nation
*24/8/2023*



চলেন আলতো পায়ে
রাখেন না খবর আর কারো
বাস্তবতা হলো পায়ের চাপ ও ধূলিকণা থেকে জেনে যায় লোকজন
আপনি চলেছেন কোথায়?

*২৪/৮/২০২৩*

Walk gently
Don't keep anyone else's news
The reality is that people know from foot pressure and dust
Where are you going?

*24/8/2023*

হেরে যাওয়া বর্তমান বাস্তবতায় স্বাভাবিক
জিতে যাওয়া কদাচিৎ
হঠাৎ কিছু পাওয়া
কুড়িয়ে পাওয়া কোনকিছুর মতো মনে হয়ে থাকে অনেকটা।

*২৪/৮/২০২৩*

Losing is normal in present reality
Winning is rare
Suddenly find something
It seems a lot like picked up something

*24/8/2023*